Startup India International Summit

January 14, 2021

স্টার্টআপ ইণ্ডিয়া আন্তর্জাতিক শীর্ষ সম্মেলন

জানুয়ারী 14, 2021

1. জানুয়ারি, 15-16, 2021 তারিখ শিল্প ও আভ্যন্তরীণ বাণিজ্য প্রচার বিভাগ DPIIT) দ্বারা ভার্চুয়াল মাধ্যমে স্টার্টআপ ইণ্ডিয়া আন্তর্জাতিক শীর্ষ সম্মেলন 'প্রারম্ভ'-এর আয়োজন করা হচ্ছে। স্টার্টআপ ইণ্ডিয়া উদ্যোগ দেশের প্রতিটি প্রান্তে শিল্পোদ্যোগের উদ্দীপনা জাগিয়ে তোলার ক্ষেত্রে কেন্দ্রীয় ভূমিকা পালন করেছে এবং উক্ত শীর্ষ সম্মেলন স্টার্টআপ ইণ্ডিয়া উদ্যোগ প্রবর্তনের 5ম বর্ষ উদযাপন করছে। মাননীয় বানিজ্য ও শিল্প মন্ত্রী 15 জানুয়ারি শীর্ষ সম্মেলনের উদ্বোধন করবেন এবং মাননীয় প্রধানমন্ত্রী 16 জানুয়ারি গ্র্যান্ড প্লেনারি (সমাপ্তি অধিবেশন) অনুষ্ঠান অলঙ্কৃত করবেন।

2. বিশ্বব্যাপী শীর্ষ নীতি নির্ধারক, শিল্প, শিক্ষাক্ষেত্র, বিনিয়োগকারী, স্টার্টআপস এবং সমস্ত স্টেকহোল্ডারকে 'প্রারম্ভ' একত্রিত করবে বলে আশা করা হচ্ছে। বিশ্বব্যাপী বাস্তুশাস্ত্রের সর্বোত্তম পদ্ধতিগত অনুশীলনগুলি আলোচনা ছাড়াও, শীর্ষ সম্মেলনের বিভিন্ন অধিবেশনের উদ্দেশ্য ভারতের নতুন উদ্ভাবনের উপর ভিত্তি করে বানিজ্যিক বিস্তার এবং তার প্রভাবের প্রদর্শন। এর মূল লক্ষ্য ভারতীয় স্টার্টআপসের বাজারে আন্তর্জাতিক মূলধনের প্রতি মনোযোগ কেন্দ্রীভূত করা, দেশীয় মূলধন একত্রিত করা, আন্তর্জাতিক বাজারে আমাদের স্টার্টআপগুলিকে সুযোগ প্রদান এবং নীতি বিধান সক্রিয়করণ।

3. শীর্ষ সম্মেলনের প্রথম দিনটি বিমসটেক স্টার্টআপ কনক্লেভের জন্য নির্দিষ্ট রাখা হয়েছে। এই অঞ্চলের উদ্যোক্তাদের মধ্যে যোগাযোগ বাড়ানোর লক্ষ্যে 2018 সালে আগস্ট মাসে কাঠমান্ডুতে চতুর্থ বিমসটেক শীর্ষ সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণার মধ্যে এটি ছিল অন্যতম। বাংলাদেশ, ভুটান, মায়ানমার, নেপাল এবং শ্রীলঙ্কার মন্ত্রী এবং ঊর্ধ্বতন কর্মকর্তা, থাইল্যান্ডের জাতীয় উদ্ভাবনী সংস্থার নির্বাহী পরিচালক এবং বিমসটেকের সেক্রেটারি জেনারেল সম্মেলনে তাদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করেছেন।

4. দু'দিন ধরে চলা শীর্ষ সম্মেলনের বিভিন্ন থিমে স্টার্টআপস এবং অন্যান্য স্টেকহোল্ডাররা অংশ নেবেন ও তাদের প্যানেল আলোচনা থাকবে। বিমসটেক স্টার্টআপ কনক্লেভে সেরা অনুশীলনগুলি ভাগ করে নেওয়া করা, অভিজ্ঞতা বিনিময় ওয়ার্কশপ, মাল্টিল্যাটারাল ইনকিউবেটর প্রোগ্রাম এবং সামাজিক উদ্ভাবন প্রচারের মূল বিষয়গুলির ওপর মোট সাতটি প্যানেল আলোচনা হবে। ভার্চুয়াল স্টার্টআপ প্রদর্শনে বিমসটেক দেশগুলি থেকে নির্বাচিত 100 টিরও বেশি স্টার্ট-আপ গ্র্যান্ড প্লেনারি অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলাপচারিতার সুযোগ পাবে।

5. ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে বিশ্ব এবং ভারত থেকে প্রায় 200 জন বিপুল বক্তাকে একত্রিত করে প্রযুক্তি, উদ্ভাবন, শক্তিশালী নীতি এবং উদ্যোগ নিয়ে আলোচনা করা ছাড়াও সরকার এবং আন্তর্জাতিক সংস্থাগুলিকে তাদের মতামত জানাতে সুযোগ দেবে, এবং কেবল ভারতের নয় সমগ্র বিশ্বের নতুন উদ্যোক্তাদের সমস্যা এবং চ্যালেঞ্জ সমাধান করে তাদের মনে আশার আলো জ্বালাবে।

নিউ দিল্লি
জানুয়ারি 14, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.